



### জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মোহাম্মদ আবু নাসের বেগ জেলা প্রশাসক, মাগুরা
সভার তারিখ	: ২৫ মে, ২০২৩ খ্রি.
সময়	: বেলা ১২:০০ ঘটিকা
সভার স্থান	: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মাগুরা
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৬ষ্ঠ সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সকল সদস্যদের সাথে পরিচয়পর্ব সম্পন্ন করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জেলা নিরাপদ খাদ্য অফিসার, মাগুরা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভাপতি মহোদয় বলেন ' নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য খাদ্য ব্যবসায়ী, খাদ্যকর্মী, ভোক্তা সহ সকল প্রতিষ্ঠানকে সচেতন হতে হবে।' এছাড়া খাদ্য প্রতিষ্ঠানের বিভিন্ন অব্যবস্থাপনা নিয়ে আলোচনা করেন এবং তা প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।

#### আলোচ্যসূচি: ০১

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর বর্তমান কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর বর্তমান কার্যক্রম সম্পর্কে জেলা নিরাপদ খাদ্য অফিসার সকলকে অবহিত করেন। তিনি জানান নিয়মিত হোটেল-রেস্তোরা, কাঁচা বাজার ও খাদ্যস্থাপনায় মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয় এবং মনিটরিং কার্যক্রমের প্রতিবেদন প্রধান কার্যালয় বরাবর প্রেরণ করা হয়। জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন, নিয়মিত উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা আয়োজন করা হয়। নিরাপদ খাদ্য পরিদর্শকদের সাথে মাসিক সভার আয়োজন করা হয়। এছাড়াও নিয়মিত উঠান বৈঠক ও কর্তৃপক্ষের কার্যাবলি লিফলেট বিতরণের মাধ্যমে প্রচার করা হচ্ছে।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর বর্তমান কার্যক্রম আরও ব্যাপক পরিসরে বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা।

#### আলোচ্যসূচি: ০২

শিক্ষার্থীদের অংশগ্রহণে নিরাপদ খাদ্য বিষয়ক কর্মসূচির আয়োজন :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য শিক্ষার্থীদের অংশগ্রহণে মাগুরা জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত নিরাপদ খাদ্য বিষয়ক কর্মসূচি আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য শিক্ষার্থীদের অংশগ্রহণে মাগুরা জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত নিরাপদ খাদ্য বিষয়ক কর্মসূচি আয়োজন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা।

আলোচ্যসূচি: ০৩

গৃহিণীদের অংশগ্রহণে নিরাপদ খাদ্য বিষয়ক উঠান বৈঠক আয়োজন:


আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য মাগুরা জেলার প্রান্তিক পর্যায়ে গৃহিণীদের অংশগ্রহণে নিরাপদ খাদ্য বিষয়ক উঠান বৈঠক আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়।	নিরাপদ খাদ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য গৃহিণীদের অংশগ্রহণে উঠান বৈঠকের আয়োজন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা।

আলোচ্যসূচি: ০৪

নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা বিতরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা মাগুরা জেলার বিভিন্ন সরকারি দপ্তর ও সুধীজনের মাঝে বিতরণের বিষয়ে আলোচনা করা হয়।	নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা মাগুরা জেলার বিভিন্ন সরকারি দপ্তর ও সুধীজনের মাঝে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
মোহাম্মদ আব্দু নাসের বেগ  
জেলা প্রশাসক, মাগুরা  
ও


সভাপতি  
জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি

স্মারক নং: ১৩.০২.৫৫০০.০০১.০৬.০০১.২১.

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০  
২৮ মে ২০২৩

**বিতরণ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় ):**

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা- এর পার্শ্বে) ভবন-২ (লেভেল-৪,৫,৬) ১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
- ৩। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা- এর পার্শ্বে) ভবন-২ (লেভেল-৪,৫,৬) ১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
- ৪। সদস্য (সকল).....
- জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি, মাগুরা।
- ৫। অফিস কপি

  
24.05.2023

মো: রিয়াজ মাহমুদ  
নিরাপদ খাদ্য অফিসার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা  
ও

সদস্য সচিব  
জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি

☎: ০১৬০১-২৫২৫০৩

✉: fso.magura@bfsa.gov.bd